গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বি আর ডি বি)

# উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়

পঞ্চগড় সদর,পঞ্চগড়।

# সিটিজেন চার্টার

## এ কার্যালয় থেকে আপনি যে সব সেবা ও সহযোগিতা পেতে পারেন

১। প্রাথমিক সমিতি/দল (পুরুষ/মহিলা) গঠন,ঋণ গ্রহনে পরামর্শ প্রদান ও এতদসংক্রান্ত যাবতীয় তথ্য এবং ফরম সরবরাহ।

২। সদস্যদের শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন।

৩। সমিতির সদস্যগণকে সহজশর্তে কৃষি উৎপাদন ও কৃষি উপকরণের জন্য (সার , বীজ ,প্রদশ্রনী প্লট এবং ঋণ সহায়তা প্রদান ।

খ) কৃষক সমবায় সমিতিতে আবর্তক ক্ষুদ্র ঋণ প্রদান।

৪। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী( সদাবিক) পল্লী প্রগতি প্রকল্প (পপ্রপ্র), পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীব),পল্লী দারিদ্র বিমোচন কর্মসুচীর (পদাবিক) আওতায় অনানুষ্ঠানিক দল গঠন এবং উৎপাদনমুখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের জন্য ঋণ প্রদান।

৫। আনুষ্ঠানিক সদস্যদের নিবন্ধনের পরপরই এবং অননানুষ্ঠানিক দল গঠনের ৮ (আট) সপ্তাহ পর সদস্যদের ঋণ প্রদান করা হয়।

৬। সমবায়ীদের উৎপাদিত শস্যের বাজারজাত করণের সুযোগ সৃষ্টি এবং ন্যায্য মুল্য প্রাপ্তির সহায়তা।

৭। নারীর ক্ষমতায়ন এবং নারীর নেতৃত্ব বিকাশে সচেতনতা বৃদ্ধি,নারী নির্যাতন রোধ ও যৌতুক প্রথা নিমূলে সচেতনতা সৃষ্টিতে সহায়তা।

৮। সদস্যদের বয়স্ক শিক্ষা,স্বাস্থ্য,পুষ্টি ও পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে পরামর্শ ও সেবা প্রদান ।

৯। বৃক্ষ রোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকল্পে পরামর্শ ও সহযোগিতা।

১০। অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্ন কর্মসংস্থান সৃষ্টির লক্ষে নামমাত্র সেবা মূল্যের বিনিময়ে ঋণ প্রদান।

১১। গ্রামীণ দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতা প্রদান এবং গ্রামীণ নেতৃত্বের বিকাশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠিকে সম্পৃক্তকরণ।

১২। এ অফিসের কোন কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিকট উত্থাপন করা হলে তার প্রতিকার করা হবে।

১৩।উপজেলায় বসবাসরত যে কোন ব্যক্তিকে সেবা সংক্রান্ত তথ্য প্রদানে এ অফিস প্রতিশ্রুতিবদ্ধ।

১৪। ঋণ বাবদ মঞ্জুরীকৃত সমুদয়টাকা বুঝে নিন। সমুদয়টাকা বুঝে না পেয়ে ঋণ বিতরনের সনদপত্রে স্বাক্ষর করবেন না।

১৫। প্রাথমিক সমিতি/দলের সদস্য/সদস্যাদের আয়বর্ধনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষন প্রদান।

১৬। গ্রাম হবে শহর এই প্রতিপাদ্যকে সামনে রেখে প্রত্যন্ত গ্রাম এলাকায় অংশীদারীত্বের ভিত্তিতে ক্ষুদ্র ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ করা হয়।